



Office for People With Developmental Disabilities

KATHY HOCHUL
গভর্নর

WILLOW BAER
অ্যাস্টিং কমিশনার

প্রিয় স্পেশাল এডুকেশনের ডিরেক্টর এবং/অথবা কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) চেয়ারপারসন:

নিউ ইয়র্ক স্টেটের স্কুলগুলি বিকাশগত প্রতিবন্ধিতা থাকা শিক্ষার্থীদের অনেক সহায়তা এবং পরিষেবা প্রদান করে যার মধ্যে অল্পবয়স্ক প্রাপ্তবয়স্কদের এবং তাদের পরিবারকে তাদের ভবিষ্যতের জন্য পরিকল্পনা করতে সহায়তা করা অন্তর্ভুক্ত। আপনি যখন তরুণ প্রাপ্তবয়স্কদের এবং তাদের পরিবারের সাথে তাদের ভবিষ্যৎ সম্পর্কে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে কাজ করেন তখন NYS অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিসেবিলিটিস (OPWDD) তাদের সাহায্য করার জন্য এখানে রয়েছে।

আমাদের পারস্পরিক লক্ষ্য হল এটা নিশ্চিত করা যে ছাত্ররা যখন রিজেন্টস বা লোকাল ডিপ্লোমা সহ গ্রাজুয়েট হয় বা যথোচিত অবৈতনিক সর্বজনীন শিক্ষায় তাদের অ্যাক্সেস শেষ হয়, তখন তারা যেন তাদের চাহিদা মেটানোর জন্য প্রাপ্তবয়স্কদের পরিষেবা গ্রহণের জন্য অগ্রসর হতে প্রস্তুত থাকে।

OPWDD হল সেই প্রাথমিক স্টেট এজেন্সি যা আমাদের যোগ্যতার মানদণ্ড পূরণকারী বিকাশগত প্রতিবন্ধিতা থাকা ব্যক্তিদের সহায়তা এবং পরিষেবা প্রদানের জন্য দায়ী। শিক্ষার্থীরা স্কুলে থাকা অবস্থায় তাদের আরো বেশি সাফল্য পেতে এবং প্রাপ্তবয়স্ক হয়ে ওঠার ট্রানজিশনের প্রক্রিয়ায় তাদের সাহায্য করতে OPWDD শিক্ষার্থীদের এবং তাদের পরিবারের জন্য সহায়তা এবং পরিষেবা সরবরাহ করতে পারে। পরিষেবাগুলির মধ্যে অ্যাট-হোম সাপোর্ট এবং কমিউনিটিগত সহায়তা এবং কর্মসংস্থানগত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকতে পারে।

শিক্ষার্থীরা তাদের শিক্ষাগত কর্মসূচী শেষ করার সময় OPWDD পরিষেবাগুলি উপলব্ধ করার জন্য, **শিক্ষার্থী এবং তাদের পরিবারগুলিকে অবশ্যই OPWDD-এর সাথে যোগাযোগ করতে হবে এবং পরিষেবাগুলির জন্য অনুরোধ করতে হবে।** পরিবারগুলিকে OPWDD-এর যোগ্যতা নিরূপণের প্রক্রিয়া শুরু করতে এবং পরিষেবার জন্য আগে থেকেই পরিকল্পনা করার জন্য উৎসাহিত করতে আপনি সাহায্য করতে পারেন। শিক্ষার্থীদের এবং তাদের পরিবারগুলিকে জানাতে ভুলবেন না যে তারা সহায়তা এবং পরিষেবাগুলি সম্পর্কে জানতে যে কোনো সময় OPWDD-এর সাথে যোগাযোগ করতে পারেন।

শিক্ষার্থীর বয়স যদি পনের বছর বা তার বেশি হয়, পরিবারগুলিকে যত তাড়াতাড়ি সম্ভব ট্রানজিশন প্রক্রিয়া শুরু করতে উৎসাহিত করা হয়। আপনি যেমন জানেন, NYSED প্রবিধান অনুসারে 15 বছর বয়সের মধ্যে ট্রানজিশন প্ল্যানের প্রক্রিয়া শুরু হওয়া প্রয়োজন। শিক্ষার্থীর তাদের শিক্ষামূলক প্রোগ্রাম শেষ করার কমপক্ষে তিন বছর আগে OPWDD-এর সাথে ট্রানজিশন প্ল্যানিং শুরু করা উচিত যাতে স্কুল থেকে প্রাপ্তবয়স্ক জীবনের উপযোগী পরিষেবার ট্রানজিশন যতটা সম্ভব নির্বিঘ্নে হতে পারে।

বিকাশগত প্রতিবন্ধিতা থাকা শিক্ষার্থীদের এবং তাদের পরিবারের জন্য সংযুক্ত চিঠি এবং ব্রোশিওর আমাদের পরিষেবা এবং ট্রানজিশন প্ল্যানের প্রক্রিয়া সম্পর্কে সহায়ক তথ্য প্রদান করে। অনুগ্রহ করে সেগুলিকে যারা আপনার বিশ্বাস অনুসারে OPWDD পরিষেবার জন্য যোগ্য হতে পারে এমন 15 থেকে 21 বছর বয়সী শিক্ষার্থীদের, তাদের পিতামাতা/অভিভাবক এবং তাদের শিক্ষকদের সাথে শেয়ার করুন। অনুগ্রহ করে তাদেরকে **866-946-9733** নম্বরে OPWDD এর Front Door এর সাথে যোগাযোগ করতে এবং <https://opwdd.ny.gov/get-startedm>-এ OPWDD Front Door ভিডিও দেখতে উৎসাহিত করুন যেন তারা OPWDD এর যোগ্যতা এবং পরিষেবা সম্পর্কে আরো কিছু জানতে পারে। যেসব শিক্ষার্থীর আগে থেকেই OPWDD যোগ্যতা রয়েছে এবং যারা কেয়ার কোঅর্ডিনেশন অর্গানাইজেশন (CCO)-এর সাথে সংযুক্ত রয়েছেন, তাদের প্রাপ্তবয়স্কদের জন্য উপলভ্য পরিষেবার অনুরোধ করার জন্য নিজস্ব কেয়ার ম্যানেজারের সাথে যোগাযোগ করা উচিত।

OPWDD এবং স্কুলকে একসাথে কাজ করার জন্য, স্কুলের শিক্ষার্থীদের বাবা-মা বা অভিভাবকদেরকে অবশ্যই OPWDD-এর সাথে শিক্ষার্থীর শিক্ষাগত এবং স্বাস্থ্যের রেকর্ডগুলি শেয়ার করে নেওয়ার বিষয়ে স্কুলকে অনুমতি দেবার বিষয়ে আগ্রহী থাকতে হবে বা OPWDD-কে এমন শিক্ষার্থীদের সম্পর্কে জানাতে আগ্রহী হতে হবে যারা OPWDD পরিষেবার জন্য যোগ্য হতে পারে যার জন্য এই মর্মে একটি তথ্য প্রকাশের সম্মতি ফর্ম (সংযুক্ত) পূরণ করতে হবে।

অনুগ্রহ করে মনে রাখবেন যে স্থানীয় স্কুল ডিস্ট্রিক্টগুলিকে OPWDD কে **অবশ্যই** জানাতে হবে যে আপনার ডিস্ট্রিক্টে OPWDD যোগ্যতা সম্পন্ন হতে পারে এমন কোনো শিক্ষার্থীকে একটি আবাসিক স্কুলে রাখা হয়েছে কিনা। এই বিজ্ঞপ্তিটি residential.school@opwdd.ny.gov-কে ইমেইল করুন। OPWDD শিক্ষার্থীদেরকে তাদের আবাসিক শিক্ষাগত অবস্থান থেকে OPWDD প্রাপ্তবয়স্ক পরিষেবাগুলির দিকে সফলভাবে ট্রানজিশন করতে সহায়তা করতে প্রতিশ্রুতিবদ্ধ। রেসিডেন্সিয়াল স্কুল ট্রানজিশন কোঅর্ডিনেটররা (RSTC) এই প্রক্রিয়ার মাধ্যমে শিক্ষার্থীদের এবং তাদের পরিবারগুলিকে সাহায্য করে, তবে সাফল্য পাবার জন্য আগাম পরিকল্পনা থাকা গুরুত্বপূর্ণ।

যদি আপনার কোন প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে আপনার স্থানীয় OPWDD রিজিওনাল ফিল্ড অফিসে স্থানীয় স্কুল ট্রানজিশন কো-অর্ডিনেটর এর সাথে **866-946-9733** নম্বরে কল করে যোগাযোগ করুন অথবা info@opwdd.ny.gov -এ ইমেইল করুন। স্কুল ট্রানজিশন সংক্রান্ত সাধারণ প্রশ্নের জন্য, অনুগ্রহ করে student.transition@opwdd.ny.gov-এ ইমেইল করুন।

আন্তরিকভাবে,

Fechner Stecker

ডিরেক্টর, কমিউনিটি ট্রানজিশন ইউনিট

অনুলিপি: K. Maunz

D. Regan

E. Wright

OPWDD রিজিওনাল ফিল্ড অফিস ডিরেক্টরগণ

OPWDD লোকাল স্কুল ট্রানজিশন কোঅর্ডিনেটরগণ

OPWDD রেসিডেন্সিয়াল স্কুল ট্রানজিশন কোঅর্ডিনেটরগণ

সংযুক্তি: লোকাল স্কুল ট্রানজিশন প্যারেন্ট-গার্জিয়ান লেটার

006 স্কুল ট্রানজিশন ব্রোশিওর ফর ফ্যামিলিস

লোকাল স্কুল ট্রানজিশন কোঅর্ডিনেটর কন্ট্যাক্ট লিস্ট

রেসিডেন্সিয়াল স্কুল ট্রানজিশন কোঅর্ডিনেটর কন্ট্যাক্ট লিস্ট

সম্মতি ফর্ম

সংশোধিত 4/24/2024